

তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ,

কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫।

ফোন: ৯৮৮৪৭৪১, ৮১১৯২১৩, ৯১১৯২৯৩; ফ্যাক্স: ৮৮৫৫৮৩২

সূত্র নং- ২৮.১৩.০০০০.১৭২.৩৬.০০১.২৪/৩৪০

তারিখ: ১৭/০১/২০২৪ খ্রি.

বিষয়: ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানসমূহের তালিকাভুক্তি ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য নবায়ন ও পরিচয়পত্র ইস্যুকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা তিতাস গ্যাস টি. এন্ড ডি. কোং লি. এর ১.১ ও ১.২ শ্রেণির তালিকাভুক্ত সকল ঠিকাদারী প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য তালিকাভুক্তি নবায়ন ও পরিচয়পত্র গ্রহণ করার জন্য আবেদন আহ্বান করা হচ্ছে। অগ্রহী ঠিকাদারগণ কোম্পানীর প্রধান কার্যালয়ে অবস্থিত হিসাব বিভাগের নগদ ও ব্যাংক শাখা হতে আগামী ০৭/০২/২০২৪ খ্রি. তারিখ হতে ০৭/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সকল কার্যদিবসে সকাল ০৯:০০ ঘটিকা হতে ০৪:০০ ঘটিকা পর্যন্ত সময়ে নগদ ২০০/- (দুইশত) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে তালিকাভুক্তি নবায়নের আবেদন ফরম এবং ঠিকাদারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী ও ০২ (দুই) জন প্রতিনিধির জন্য নগদ ৬০০/- (ছয়শত) টাকা মাত্র অফেরতযোগ্য মূল্যে পরিচয়পত্র গ্রহণের আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন। আবেদন ফরমের সাথে নিম্নলিখিত কাগজপত্র/দলিলপত্র দাখিল করতে হবে:

- ১। আবেদনপত্র ক্রয়ের রশিদ এর মূলকপি।
- ২। নবায়ন ফি বাবদ ১.১ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৪,০০০ (চার হাজার) টাকা মাত্র ও ১.২ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ১২,০০০ (বার হাজার) টাকা মাত্র কোম্পানীর প্রধান কার্যালয়ে অবস্থিত হিসাব বিভাগের নগদ ও ব্যাংক শাখায় জমা প্রদানের রশিদের মূলকপি।
- ৩। নিরাপত্তা জামানত হিসাবে ১.১ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ২৫,০০০ (পঁচিশ হাজার) টাকা মাত্র ও ১.২ শ্রেণির ঠিকাদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে ৪০,০০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র নগদ হিসাবে জমা প্রদান করতে হবে। ইতোপূর্বে জমাকৃত রশিদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। উল্লেখ্য, যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠানের ইতোপূর্বে জামানতখাতে নিরাপত্তা জামানত হিসেবে সঞ্চয়পত্র/ব্যাংক গ্যারান্টি জমা আছে, তাদের সঞ্চয়পত্র/ব্যাংক গ্যারান্টির অর্থ জামানত হিসেবে বিবেচিত হবে না। সেই সকল প্রতিষ্ঠান সমূহকে নগদ নিরাপত্তা জামানত জমা প্রদান করতে হবে।
- ৪। হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।
- ৫। হালনাগাদ আয়কর প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি।
- ৬। মেয়াদকালীন সময়ে মেয়াদী ৩য় পক্ষের দায়বীমা পলিসি গ্রহণ করতে হবে। প্রতিটি দুর্ঘটনার জন্য ৩য় পক্ষের দায় হবে ন্যূনতম ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র। এই ক্ষেত্রে দুর্ঘটনার সংখ্যা সীমিত নয়।
- ৭। আবেদন ফরমের সাথে সংযুক্ত নির্ধারিত ফরমেট অনুযায়ী বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে সর্বাধিক ০২ (দুই) মাস পূর্বে ইস্যুকৃত ন্যূনতম ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার চলতি হিসাবের ব্যাংক স্বচ্ছলতা সনদ পত্রের মূলকপি।
- ৮। লোকবলের তালিকা (তালিকাভুক্তির তফসীল এর তালিকাভুক্তি/নবায়নের সাধারণ শর্তাবলীর ১৪.১ ধারা অনুযায়ী) এবং কারিগরী লোকজনের নিয়োগপত্র ও সনদপত্রের সত্যায়িত ফটোকপি (ওয়েল্ডার ও ফিটারের নিয়োগপত্র কোম্পানীর ইন্সপেক্টরেট শাখা কর্তৃক প্রত্যায়িত হতে হবে)। উল্লেখ্য, অন্য ঠিকাদারী প্রতিষ্ঠানের ছাড়পত্রপ্রাপ্ত ফিটারগণের ক্ষেত্রে ছাড়পত্রের মূলকপি ও যোগদানকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিয়োগপত্র ও যোগদানপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ৯। কার্যক্রম যন্ত্রপাতি, মেশিনারী ও সাজ-সরঞ্জামের তালিকা (তালিকাভুক্তির তফসীল এর তালিকাভুক্তি/নবায়নের সাধারণ শর্তাবলীর ১৪.২ ধারা অনুযায়ী) মেশিনারীর ক্ষেত্রে রেজিঃ নং, ইঞ্জিন নং ও চেসিস নং উল্লেখ করতে হবে।
- ১০। সর্বশেষ অর্থবছরে ইস্যুকৃত তালিকাভুক্তি নবায়ন সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

তালিকাভুক্তি তফসীলের চাহিদা মোতাবেক উপরোল্লিখিত কাগজপত্র/দলিলপত্র সংযোজনপূর্বক উপমহাব্যবস্থাপক, মেট্রো ঢাকা বিপণন বিভাগ-৪ ও সদস্য সচিব, ১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদার নিয়ন্ত্রন কমিটি এর কার্যালয়, প্লট নং-১২১ পি, হোস্টিং নং- সি. ডব্লিউ. এন (বি) ৪/এ, গুলশান এভিনিউ, ঢাকা-১২১২ ঠিকানায় আগামী ০৭/০২/২০২৪ খ্রি. তারিখ হতে ০৮/০৩/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত সকল কার্যদিবসে সকাল ০৯:০০ ঘটিকা হতে ০৪:০০ ঘটিকা পর্যন্ত আবেদনপত্র দাখিল করা যাবে। আবেদনপত্র ক্রয় ও দাখিলের শেষ দিন কোন কারণে বন্ধ থাকলে তৎপরবর্তী কার্যদিবসের একই সময় শেষ তারিখ হিসাবে গণ্য হবে। গ্যাস পাইপলাইন নির্মানকারী ৪র্থ (১.১) ও ৩য় (১.২) শ্রেণির ঠিকাদারগণের জন্য তালিকাভুক্তির তফসীলের অন্যান্য শর্তাবলী অপরিসরিত থাকবে। উল্লেখ্য, যে সকল প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বর্তমানে স্থগিত কিংবা কালো তালিকাভুক্তি আছে তারা আবেদনপত্র ক্রয় ও দাখিলের জন্য অযোগ্য বলে বিবেচিত হবে এবং তফসীলের শর্তাবলী প্রতিপালন না করলে, আবেদনপত্রের ছবি ও পরিচয়পত্রের ছবির উপরে সীল, স্বাক্ষর বা অস্পষ্ট ছবি প্রদান করলে এবং অসম্পূর্ণ আবেদনপত্র দাখিল করলে তা নবায়নের অযোগ্য বলে বিবেচিত হবে।



(প্রকৌ. অজিত চন্দ্র দেব)

উপমহাব্যবস্থাপক (মেটাবিবি-৪)

ও

সদস্য সচিব

১.১ ও ১.২ শ্রেণির ঠিকাদার নিয়ন্ত্রন কমিটি।